৪৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG. 1 8 1999
পৃষ্ঠা ১১ কলাম ৪ ......

# মীরসরাই কলেজে ছাত্রফ্রন্ট ছাত্রলীগ সংঘর্ষ ॥ আহত ১৭

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ মঙ্গলবার দুপুরে মীরসরাই কলেজে ছাত্রফ্রন্টের সভায় ছাত্রলীগের হামলায় ১৭ জন আহত হয়। কলেজে নবাগতদেরকে স্বাগত জানাতে আয়োজিত সভায় দুপুর ১২টায় হামলা করে বলে ছাত্রফ্রন্ট এ অভিযোগ করে। এ সংঘর্ষের আগে ছাত্রলীগও কলেজে নবাগতদের স্বাগত জানাতে সভা ও মিছিল করে। মিছিলের এক পর্যায়ে হামলা হয় বলে ছাত্রফ্রন্ট অভিযোগ করে। এতে মীরসরাই থানা ছাত্রফ্রন্টের সভাপতি তপন ধুম, সেক্রেটারি নাছির উদ্দীন, নিজামপুর কলেজ শাখার সভাপতি-সেক্রেটারিসহ ১৭ জন আহত হয়।